



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৮২৯.২২.১৬৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯

০২ আগস্ট ২০২২

বিষয়: চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২২ মৌসুমে আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে সিলেট বিভাগে আতপ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২২.১৭৯, তারিখ: ২৮/০৭/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুব্রহ্ম স্মারকে সিলেট বিভাগের মেসার্স জননী অটো রাইস মিল, উমেদনগর শিল্প এলাকা বানিয়াচং রোড, হবিগঞ্জ এবং মেসার্স মৌ অটো রাইস মিল, ১০৯৯, বানিয়াচং রোড, হবিগঞ্জ এর আবেদনের প্রেক্ষিতে আতপ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রার অনুমোদন প্রদান করা হয়। অনুমোদন পত্রে খাদ্য মন্ত্রণালয় নিম্নবর্ণিত শর্তে অতিরিক্ত আতপ চাল প্রদানের অনুমোদন প্রদান করেছেন।

- ক) পাক্ষিক ছাঁটাই ক্ষমতার অতিরিক্ত বরাদ্দ প্রদান করা যাবে না;
খ) বরাদ্দ পত্র ইস্যু করার পনেরো দিনের মধ্যে বরাদ্দকৃত সম্পূর্ণ চাল সরবরাহ করতে হবে;
গ) চালকল মালিকদের সাথে চুক্তির সর্বশেষ সময়সীমা ৩১ আগস্ট ২০২২ তারিখের পর চুক্তির অবশিষ্ট চাল থাকলে উক্ত পরিমাণের সাথে এ বরাদ্দ সমন্বয় হবে এবং অবশিষ্ট না থাকলে বর্ণিত বরাদ্দ মূল লক্ষ্যমাত্রার অতিরিক্ত হিসেবে গণ্য হবে;
ঘ) চাল সংগ্রহের ক্ষেত্রে নীতিমালার অন্যান্য বিধানাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

চলতি বোরো সংগ্রহ/২০২২ মৌসুমে ৫০০০০ মে.টন আতপ চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ০১/০৮/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত আতপ চালকল মালিকদের অনুকূলে সর্বমোট ৪৮,১০৯ মে.টন চালের চুক্তি সম্পাদিত হয়েছে। অচুক্তিকৃত পরিমাণ ($50,000 - 48109$) = ১৮৯১ মে.টন যার বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপ:

ক্রঃনং	বিভাগের নাম	অচুক্তিকৃত আতপ চালের পরিমাণ (মে.টন)
১.	রাজশাহী	৫৯০
২.	রংপুর	১৭
৩.	ঢাকা	২৪৫
৪.	ময়মনসিংহ	৫৫
৫.	খুলনা	২৮৯
৬.	চট্টগ্রাম	৬১৮
৭.	সিলেট	৭৭
সর্বমোট=		১৮৯১

জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ থেকে প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, হবিগঞ্জ জেলার মেসার্স জননী অটো রাইস মিল ও মেসার্স মৌ অটো রাইস মিল এর পাক্ষিক ছাঁটাইক্ষমতা যথাক্রমে ১২৬২ মে.টন (১৬ ঘন্টা বিবেচনায়) ও ৬৬ মে.টন।

এক্ষণে খাদ্য মন্ত্রণালয়ের পত্রের প্রেক্ষিতে সিলেট বিভাগ ব্যতিত অন্যান্য বিভাগের অচুক্তিকৃত ($1891-77$) = ১৮১৪ মে.টন আতপ চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের

মাধ্যমে উক্ত মিল দুটির পাক্ষিক ইঁটাইক্ষমতা অনুযায়ী ($1262+66$) = সর্বমোট ১৩২৮ মে.টন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেটের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। সিলেট বিভাগ ব্যতিত আতপ চালের অবশিষ্ট অচুক্তিকৃত ($1818 - 1328$) = ৪৮৬ মে.টন পরবর্তীতে বরাদ্দ প্রদান করা হবে। কর্তন ও সমন্বয়ের পরে আতপ চালের ৭টি বিভাগের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নের সারণিতে তুলে ধরা হলো।

ক্র: নং	বিভাগের নাম	বর্তমান লক্ষ্যমাত্রা (মে.টন)	কর্তনকৃত পরিমাণ (মে.টন)	অতিরিক্ত প্রদানকৃত পরিমাণ (মে.টন)	সমন্বয়ের পর ছাইরকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	অবশিষ্ট পরিমাণ (মে.টন)
১.	সিলেট	১৬৬৭৪	০	১৩২৮	১৮,০০২	৪৮৬
২.	রাজশাহী	২৩১০	৫৯০	-	১৭২০	
৩.	রংপুর	২৬১৬	১৭	-	২৫৯৯	
৪.	ঢাকা	৮৬৬	২৪৫	-	৬২১	
৫.	ময়মনসিংহ	২৯০৭	৫৫	-	২৮৫২	
৬.	চট্টগ্রাম	২৩৩২৬	৬১৮		২২৭০৮	
৭.	খুলনা	১৩০১	২৮৯		১০১২	
সর্বমোট=		৫০,০০০	১৮১৮	১৩২৮	৪৯,৫১৪	

অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে:

- ক) পাক্ষিক ইঁটাই ক্ষমতার অতিরিক্ত বরাদ্দ প্রদান করা যাবে না;
- খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে;
- গ) বরাদ্দ পত্র ইস্যু করার পরের দিনের মধ্যে বরাদ্দকৃত সম্পূর্ণ চাল সরবরাহ করতে হবে;
- ঘ) আলোচ্য চালকল দুটি ব্যতিত অন্য কোন চালকলের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না;

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২-৮-২০২২

মোঃ রায়হানুল কবীর
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.১৬৭/১(১৩)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯
০২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্য মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/রাজশাহী/ময়মনসিংহ। এ বিষয়ে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের সাথে টেলিফোনে আলোচনা হয়েছে।
- ৬) অতিরিক্ত পরিচালক, এমআইএসএনএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



২-৮-২০২২

মোঃ রায়হানুল করীম
পরিচালক